

## MODEL QUESTION

**CLASS XII : বাংলা : Term I (Half Yearly) : 2021-22 : Marks 40**

I. সঠিক উত্তরটি বেছে নাও :-

1x10=10

1. 'সবুজের অভিযান' কবিতাটি লিখেছেন :  
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) দিনেশ দাস (গ) কাজী নজরুল ইসলাম (ঘ) সুকান্ত ভট্টাচার্য
2. "কেন হবে বারবার বর্বর এই অভিনয়" - উদ্ধৃত অংশটি নেওয়া হয়েছে :  
(ক) সবুজের অভিযান কবিতা থেকে (খ) নারী কবিতা থেকে  
(গ) যুদ্ধ কেন ? কবিতা থেকে (ঘ) আগামী কবিতা থেকে
3. 'অন্নদাদিদি' গদ্যাংশটির উৎসগ্রন্থ হল :  
(ক) শ্রীকান্ত (১ম পর্ব) (খ) শ্রীকান্ত (২য় পর্ব) (গ) শ্রীকান্ত (৩য় পর্ব) (ঘ) শ্রীকান্ত (৪র্থ পর্ব)
4. "এত বড়ো ওস্তাদ উনি" - উনি হলেন :  
(ক) অন্নদাদিদি (খ) শ্রীকান্ত (গ) শাহজি (ঘ) ইন্দ্রনাথ
5. "ভোলানাথের ঝোলাবুলি ঝেড়ে" - ভোলানাথ হলেন :  
(ক) ব্রহ্মা (খ) বিষ্ণু (গ) মহেশ্বর (ঘ) গণপতি
6. বিজ্ঞানের কী তুলে ধরতে বলা হয়েছে ?  
(ক) সত্য (খ) তাপ (গ) আলো (ঘ) আণ্ডন
7. "সকল কথায় তাহাকে যেন যোগ করিয়া দিতে হয়।" - উক্তিটি করেছেন :  
(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (খ) জগদীশচন্দ্র বসু  
(গ) অন্নদাশংকর রায় (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
8. "পাছে নিজের মন নিজেকে ফাঁকি দেয়।" - এই ভাবনাটি :  
(ক) কবির (খ) বৈজ্ঞানিকের (গ) ডাক্তারের (ঘ) প্রাবন্ধিকের
9. 'সবুজের অভিযান' কবিতায় যে ঋতুর উল্লেখ আছে তা হল :  
(ক) শরৎ (খ) হেমন্ত (গ) শীত (ঘ) বসন্ত
10. গুরুশিষ্যের মধ্যে বেধে গেল -  
(ক) হাতাহাতি (খ) মল্লযুদ্ধ (গ) লাঠালাঠি (ঘ) ধ্বস্তাধ্বস্তি

II. নীচের প্রশ্নগুলি এক একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-

1x20=20

11. ফোর্ট উইলিয়াম কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?
12. 'সবুজের অভিযান' কবিতায় কবি কাদের জয়গান গেয়েছেন ?
13. বৈজ্ঞানিকের অনুসৃত পথটি কেমন ?
14. 'আমাদের আগাগোড়া সমস্তই ফাঁকি' - বক্তা কে ?
15. কবি দিনেশ দাস 'যুদ্ধ কেন?' কবিতায় কোথায় বীজ বুনতে বলেছেন ?
16. 'আধমরাদের ঘা মেয়ে তুই বাঁচা' - 'আধমরা' বলতে কবি কাদের বুঝিয়েছেন ?
17. কী গাছের কাঁটায় শ্রীকান্ত ক্ষতবিক্ষত হয়েছিল ?
18. কাকে সর্বদা আত্মহারা হতে হয় ?
19. 'তুই বড়ো অপয়া।' কার সম্বন্ধে এই উক্তি ?

Cont...P/2.

20. 'যুদ্ধ কেন?' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?
21. রবীন্দ্রনাথ কাকে 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেছেন ?
22. অপনিহিতির একটি উদাহরণ দাও।
23. 'সবুজের অভিযান' কবিতায় কাদের মধ্যে লড়াই বাধবে ?
24. লাফ/ফাল - ধ্বনি পরিবর্তনের এই রীতি কী বলা হয় ?
25. শ্রীকান্ত অন্নদাদিদের জন্য কতটাকা এনেছিল ?
26. 'যুদ্ধ কেন?' কবিতায় কাদের 'আহম্মক' বলা হয়েছে ?
27. "আমরা যে সাপুড়ে" – 'আমরা' কারা ?
28. 'মেঘনাদবধ' কাব্যটি কে রচনা করেন ?
29. 'সবুজের অভিযান' কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?
30. স্বরংগতির একটি দৃষ্টান্ত দাও।

III. নির্দেশ অনুসারে যেকোন দুইটি প্রশ্নের উত্তর দাও :-

2x5=10

1. বাংলা গদ্যের ক্রমবিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর অবদান সংক্ষেপে আলোচনা করো।

অথবা

নবনাট্য আন্দোলনের অন্যতম শরিক বিজন ভট্টাচার্যের নাট্য প্রতিভার পরিচয় দাও।

2. অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহ আলোচনা করো।

অথবা

উদাহরণ দিয়ে স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

=====